

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত দাপ্তরিক পত্র যোগাযোগ, নথিপত্র রেকর্ড ও ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও Unicode এর উপর ইন-হাউজ প্রশিক্ষণ



মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনার আলোকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন নিয়মিত ভাবে করা হয়ে থাকে। এরই ধারা বাহিকতায়, ১৫ ফেব্রুয়ারি ২০১৫ ইং তারিখে “দাপ্তরিক পত্র যোগাযোগ” বিষয়ে (দুই ঘন্টা ব্যাপী) ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর জনাব মোঃ আফছার উদ্দিন, উর্দ্ধতন প্রশাসনিক কর্মকর্তা প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন এবং উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর ২৭ (সাতাশ) জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করেন। ১৫ মার্চ ২০১৫ ইং তারিখে “নথিপত্র রেকর্ড ও ব্যবস্থাপনা” বিষয়ে (দুই ঘন্টা ব্যাপী) ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে আগত ড. মহঃ শের আলী, উপসচিব প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন এবং উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর ১৮ (আঠার) জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করেন। ২৯ মার্চ ২০১৫ ইং তারিখে “আর্থিক ব্যবস্থাপনা” বিষয়ে (গ্রুপ-১) এর (দুই ঘন্টা ব্যাপী) ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর জনাব মোঃ শফিকুল ইসলাম, মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন এবং উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর ২০ (বিশ) জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করেন। ১৩ এপ্রিল ২০১৫ ইং তারিখে “Unicode এ টাইপিং” বিষয়ে (গ্রুপ-১) এর (তিন ঘন্টা ব্যাপী) একটি ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে আগত জনাব মোঃ সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন এবং উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর ১৪ (চৌদ্দ) জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করেন।

২৫ এপ্রিল ২০১৫ ইং তারিখে “Unicode এ টাইপিং” বিষয়ে (গ্রুপ-২) এর (তিন ঘন্টা ব্যাপী) ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে আগত জনাব মোঃ সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন এবং উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর ১১ (এগার) জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করেন। ২৮ এপ্রিল ২০১৫ ইং তারিখে “আর্থিক ব্যবস্থাপনা” বিষয়ে (গ্রুপ-৩) এর (তিন ঘন্টা ব্যাপী) ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর জনাব মোঃ শফিকুল ইসলাম, মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন এবং উক্ত প্রশিক্ষণে বাপশনিক এর ১১ (এগার) জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করেন।